



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এমপিও শাখা-১১  
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।

ওয়েব সাইট: [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd).

ফোনঃ ০২২২২২৪৩০৩৬, ই-মেইলঃ [dtempo16@gmail.com](mailto:dtempo16@gmail.com)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০২.১৯.২৫- ১৫৬

তারিখ: ০১/০৪/২০২৬ খ্রি.


সূত্র: ০০.০১.০০০০.৫০৩.২৬.৮২০.২৫.৯৯২ নং স্মারক ও তারিখ; ০২/০২/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত স্মারক ও তারিখের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বামনপাড়া টেকনিক্যাল ইন্সটিটিউট, বাদলগাছী, নওগাঁ এর সভাপতি মোঃ বশীর উদ্দীন তার প্রতিষ্ঠানের একজন সহকারী শিক্ষক মোঃ নজরুল ইসলাম এর বিরুদ্ধে চেয়ারম্যান দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর অভিযোগ দায়ের করেন। পত্রে উল্লেখিত বর্ণনা মোতাবেক মোঃ নজরুল ইসলাম ২৪/০৮/২০০৩ খ্রি. সালে সহকারী শিক্ষক (আত্মকর্মসংস্থান) হিসেবে নিয়োগ পান এবং সরদার মুমিনুর রশীদ ২৪/০৮/২০০৩ খ্রি. সালে সহকারী শিক্ষক (বাংলা) হিসেবে নিয়োগ লাভ করেন। প্রতিষ্ঠানটি ৩১/০৫/২০১০ খ্রি. তারিখে এমপিওভুক্ত হয়। এমপিওভুক্ত প্রতিষ্ঠানে সহকারী শিক্ষক (আত্মকর্মসংস্থান) পদটি না থাকায় মোঃ নজরুল ইসলাম (বাংলা) বিষয়ের শিক্ষক সরদার মুমিনুর রশীদকে ভয়-ভীতি দেখিয়ে সরিয়ে দেন এবং নিজে (বাংলা) বিষয়ের সহকারী শিক্ষক হিসেবে ২০১৫ সালে এমপিওভুক্ত হয়ে অদ্যাবধি বেতন পেয়ে আসছেন। মোঃ নজরুল ইসলামের শিক্ষাগত যোগ্যতা সহকারী শিক্ষক (বাংলা) এর শিক্ষাগত যোগ্যতার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

অভিযোগটি সম্পর্কে তৎকালীন ভারপ্রাপ্ত সুপারের সাথে মোবাইল কথোপকথানে অভিযোগটির প্রাথমিক সত্যতা প্রমাণিত হয়।

এ বিষয়ে সার্বিক অনুসন্ধানের প্রেক্ষিতে একটি তদন্ত রিপোর্ট ১৫ কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সুপারিনটেনডেন্ট,  
বামনপাড়া টেকনিক্যাল ইন্সটিটিউট, বাদলগাছী, নওগাঁ।

  
০১/০৪/২৬ খ্রি.  
সহকারী পরিচালক-১১  
মোহাম্মদ সাইফুল হক খান  
(এমপিও শাখা)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০২.১৯.২৫- ১৫৬

তারিখ: ০১/০৪/২০২৬ খ্রি.